Department of Political Science
B.A. Sem-II (Hons.)
Sub: Political Science
Paper - CT3
Syllabus Unit-1
Content: Importance of ~~Freed~~ Freedom.
By - Prafulla Patra

Q: What is liberty? Why liberty so important?
(স্বাধীনতা কাকে বলে? স্বাধীনতা কেন এত গুরুত্বপূর্ণ?)

Ans: সব মানুষের কাছে স্বাধীনতা অত্যন্ত প্রিয়। সাধারণভাবে স্বাধীনতা বলতে আমরা বুঝি ব্যক্তি-স্বাধীনতা এবং দেশের স্বাধীনতা — এই দুটি বিষয় আমরা বুঝি। কিন্তু রাষ্ট্রবিজ্ঞানে স্বাধীনতা বলতে মূলত ব্যক্তি স্বাধীনতাকেই বোঝায়। কিন্তু স্বাধীনতা মানে যা খুশি তাই করার অধিকার নয়, সাধারণভাবে ব্যক্তি যে স্বাধীনতা ভোগ করে তা আইনানুগ অধিকার; তাই বলা হয় স্বাধীনতা একটি আইনসঙ্গত ধারণা।

অধ্যাপক ল্যাস্কি তাঁর Grammar of Politics গ্রন্থে বলেছেন যে, স্বাধীনতা বলতে এমন একটি পরিবেশ সযত্নে রক্ষার ব্যবস্থা, যেখানে প্রত্যেক ব্যক্তি তার আত্মবিকাশের সুযোগ পায়, অর্থাৎ ব্যক্তির বিকাশের অনুকূল পরিবেশকে স্বাধীনতা বলা যায়, যেই সেই কাজের বাধা-নিষেধের অনুপস্থিতিকে স্বাধীনতা বলে মনে করেন, তবে নিয়ন্ত্রণহীনতা মানে ব্যক্তি-স্বাধীনতাকে সম্প্রসারিত করে তোলে। আমরা যা ব্যক্তির স্বাধীনতাকে পরিপূর্ণ সে পরিবেশের অভাবে হয় ব্যক্তির আশা-আকাঙ্ক্ষার পরিপূর্ণ যে পরিবেশের অভাব তাকে স্বাধীনতা বলে? আমার ব্যক্তি অনুকূল পরিবেশের নিশ্চয়তা নেই। কারণ, ব্যক্তির চাহিদার যে সব দেওয়া যায় এমন নিশ্চয়তা নেই। তাই অনুকূল পরিবেশের অভাব দেওয়ার সামর্থ্য বিচার-বিবেচনা করে আমার স্বাধীনতার সংজ্ঞা দিতে গিয়ে বলা যায় যে, স্বাধীনতা হল সেই সামগ্রিক পরিবেশ যা ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশ ও আশা-আকাঙ্ক্ষা পূরণের পক্ষে খুবই অনুকূল এবং যেই ব্যক্তিদের বিকাশ ও আশা-আকাঙ্ক্ষা পূরণ সমাজের বিকাশ ও সামাজিক আশা-আকাঙ্ক্ষা পূরণের সঙ্গে পুরোপুরি সঙ্গতিপূর্ণ।

স্বাধীনতা কেন এত গুরুত্বপূর্ণ—

মানুষ সমাজবদ্ধ জীব, সমাজে সে অন্যের সঙ্গে বসবাস করে এবং সেই সুবাদে তাকে এমন সমস্ত কাজ করতে হয় যা থেকে তার সৃজনশীলতা, সমাজের বিকাশের পক্ষেও খুবই অনুকূল হয়ে উঠে। স্বাধীনতা হল ব্যক্তি ও সমাজ বিকাশের একটি অনুকূল পরিবেশ, অর্থাৎ ব্যক্তি ও সমাজ উভয়ের যুগপৎ বিকাশের এই উপযুক্ত পরিবেশ বলে এর গুরুত্ব অপরিসীম।

স্বাধীনতা হল একটি মানব বিমূর্ত ধারণা। মানুষ যতক্ষণ পর্যন্ত মুক্ত হয়না অথবা সামাজিক দুঃখ-দারিদ্র্য থেকে মুক্ত হয়না সে পারবেনা অর্থাৎ এমন ব্যক্তি স্বাধীনতা ভোগ করতে পারেনা, যার পেটে ভাত নেই যে এখনো অভুক্ত, এমন ব্যক্তির নিকট স্বাধীনতা ধারণাটি একেবারে অর্থহীন। স্বাধীনতার সাথে দায়িত্ব, সচেতনতা ও মানবাধিকারের নিবিড় সম্পর্ক বিদ্যমান। স্বাধীনতা তাই বিশেষ অর্থে গুরুত্ব বহন করে। অন্যভাবে স্বাধীনতা কোনো দেশের সেই স্বাধীনতা একেবারে অপ্রাসঙ্গিক। কেননা সমাজ-ব্যবস্থায় স্বাধীনতার সাথে মানবের সম্পর্ক নেই। মানব-জাতি হিসাবে মানুষের কাছে স্বাধীনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মূল্যবান।

স্বাধীনতার মাধ্যমে ব্যক্তিকে সামাজিক দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা যায়, যা বলপ্রয়োগের মাধ্যমে সম্ভব নয়। কোনো ব্যক্তিকে বলপূর্বক বিশ্বাসী করা যায় না, ব্যক্তি স্বতঃস্ফূর্তভাবে স্বাধীন পরিবেশে কোনো কাজ করতে অথবা তার অন্তর্নিহিত সত্তার বিকাশ ঘটাতে সক্ষম হয়। তাই স্বাধীনতার সাথে স্বতঃস্ফূর্ত নীতির নিবিড় সম্পর্ক বিদ্যমান। বলপ্রয়োগ দ্বারা হয়তো কোনো কাজ করানো যায়, তবে তাতে, কোনো নৈতিক পালনে ব্যক্তির স্বতঃস্ফূর্ততা থাকেনা। তাই স্বাধীনতার সাথে বলপ্রয়োগের বিরোধিতা একেবারে মৌলিক নয় এমন ধারণা করা চলেনা। উপরন্তু স্বাধীন ভাবে আইন প্রণয়ন ও প্রয়োগের ক্ষেত্রে স্বাধীনতার রক্ষা আইন প্রণয়ন ও ~~প্রয়ো-~~ যে সকল ক্ষেত্রে স্বাধীনতার জন্য আইন প্রণয়ন ও প্রয়োগ করতে হয়, সেক্ষেত্রেও ~~[illegible]~~ প্রয়োজন হয় এবং এর মাধ্যমে বলপ্রয়োগ থাকলেও থাকতে পারে।

স্বাধীনতা বলতে কেবল সুযোগ-সুবিধার ~~উ~~ উপস্থিতি নয়, বিদ্যমান সুযোগ-সুবিধা ব্যক্তির গ্রহণযোগ্য হওয়া দরকার। স্বাধীনতা ব্যক্তির প্রবণতা বা প্রকৃতির সাথে সামঞ্জস্য হলে তবে তা ব্যক্তির কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচিত। সামাজিক সুযোগের উপস্থিতি নয় বরং ব্যক্তি তার প্রয়োজনে ~~[illegible]~~ সুযোগ গ্রহণ নির্বাচন করে নিতে পারবে। এই ধরনের অবস্থা যেমন বিভিন্ন ব্যক্তির নিকট স্বাধীনতা অত্যন্ত মূল্যবান বা গুরুত্বপূর্ণ হয়ে উঠে। প্রকৃতপক্ষে তাই স্বাধীনতা ধারণাটি অত্যন্ত ব্যাপক। যে সমাজে সুযোগ-সুবিধার বিকল্পের সংখ্যা যত বেশি সেই সমাজে স্বাধীনতার পরিবেশ ততবেশি বিস্তৃত এবং ব্যক্তির নিকট স্বাধীনতা তত বেশি গুরুত্বপূর্ণ। সামাজিক বিকল্পের মধ্যে ব্যক্তি যদি একটিকে নির্বাচন করতে দেয়, তার মধ্যে যে সমস্ত গুণ থাকা দরকার ব্যক্তির সে সমস্ত গুণ থাকবে। এমতাবস্থায় যে কোন একটি অনুশীলনের হলে স্বাধীনতার গুরুত্বের প্রমাণ হবে।